

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯৫]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ১:

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ، عَنْ ابْنِ شِهَابٍ، أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ أَخْرَ الْعَصْرَ شَيْئًا، فَقَالَ لَهُ عُرْوَةُ: أَمَا إِنَّ جَبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ قَدْ نَزَلَ فَصَلَّى إِمَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ عُمَرُ: أَعْلَمُ مَا تَقُولُ يَا عُرْوَةُ، فَقَالَ: سَمِعْتُ بِشِيرَ بْنَ أَبِي مَسْعُودٍ، يَقُولُ: سَمِعْتُ أَبَا مَسْعُودٍ، يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: نَزَلَ جَبْرِيلُ فَأَمَّنِي فَصَلَّيْتُ مَعَهُ ثُمَّ صَلَّيْتُ مَعَهُ ثُمَّ صَلَّيْتُ مَعَهُ ثُمَّ صَلَّيْتُ مَعَهُ ثُمَّ صَلَّيْتُ مَعَهُ، يَحْسُبُ بِأَصَابِعِهِ خَمْسَ صَلَوَاتٍ .

تخريج دارالدعوة: صحيح البخارى/المواقيت ١ (٥٢١)، بدء الخلق ٦ (٣٢٢١)،

المغازي ١٢ (٤٠٠٧)، صحيح مسلم/المساجد ٣١ (٦١٠)، سنن ابى داود/الصلاة ٢

(٣٩٤)، سنن ابن ماجه/الصلاة ١ (٦٦٨)، موطا امام مالك/وقوت الصلاة ١ (١)،

(تحفة الأشراف: ٩٩٧٧)، مسند احمد ٤/١٢٠، ٥/٢٧٤، سنن الدارمى/الصلاة ٢

(١٢٢٣) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 495 - صحيح

বাংলা

৪৯৪. কুতায়বাহ্ (রহ.) ইবনু শিহাব (রহ.) হতে বর্ণিত যে, 'উমার ইবনু আবদুল আযীয (রহ.) (একদিন) আসরের সালাত একটু বিলম্বে আদায় করলে 'উরওয়াহ্ তাঁকে বললেন, আপনি কি জানেননি যে, জিবরীল আলায়হিস সালাম নাযিল হন এবং রাসূলুল্লাহ (সা.) -এর সামনে সালাত আদায় করেন। "উমার ইবনু আবদুল আযীয (রহ.) বললেন, হে 'উরওয়াহ্! তুমি যা বলেছ তা ভালোভাবে চিন্তা করে বল। উরওয়াহ্ বললেন, আমি

বাসীর ইবনু আবু মাস'উদ (রহ.)-কে বলতে শুনেছি। তিনি (বাসীর) বলেন, আমি আবু মাস'উদ-কে বলতে শুনেছি; তিনি (আবু মাস'উদ) বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি যে, জিবরীল আলায়হিস সালাম অবতীর্ণ হয়ে আমার সালাতের ইমামতি করেন। অতঃপর আমি তার সাথে সালাত আদায় করি, পুনরায় তার সাথে সালাত আদায় করি, পুনরায় তাঁর সাথে সালাত আদায় করি, পুনরায় তাঁর সাথে সালাত আদায় করি, পুনরায় তার সাথে সালাত আদায় করি। তিনি তাঁর হাতের আঙ্গুলে পাঁচ ওয়াক্ত সালাত গণনা করেন।

English

It was narrated from Ibn Shihab that 'Umar bin 'Abdul-'Aziz delayed the 'Asr prayer a little. 'Urwah said to him: Jibril came down and led the Messenger of Allah (ﷺ) in prayer. 'Umar said: Watch what you are saying, O 'Urwah! He said: I heard Bashir bin Abi Mas'ud say: 'I heard Abu Mas'ud say: I heard the Messenger of Allah (ﷺ) say: 'Jibril came down and led me in prayer, and I prayed with him, then I prayed with him, then I prayed with him, then I prayed with him, then I prayed with him - and he counted off five prayers on his fingers.'

ফুটনোট

সহীহ: বুখারী ৩২২১, মুসলিম ৬১০, ইবনু মাজাহ ৬৬৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86767>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন